# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 23-10-2025** **Time: 7.35 A.M**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) নতুন দিল্লীতে নির্বাচন কমিশন আয়োজিত মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের সম্মেলনের আজ শেষ দিন। প্রথম দিনে এসআইআর নিয়ে সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের প্রস্তুতি খতিয়ে দেখা হয়।

২) নির্বাচন কমিশনের নির্দেশ পালন না করায় রাজ্য জুড়ে এক হাজারেরও বেশি বিএলও-কে কারণ দর্শানোর নোটিশ। এর প্রেক্ষিতে কাজের ক্ষেত্রে নিরাপত্তার দাবি জানিয়েছেন বিএলওরা।

তৃণমূল কংগ্রেসই বিএলও-দের মধ্যে আতঙ্কের সৃষ্টি করছে বলে বিজেপি অভিযোগ করেছে।

৩) হাওড়ার উলুবেড়িয়ায় সরকারি হাসপাতালে কর্তব্যরত মহিলা চিকিৎসককে নিগ্রহের ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস।

৪) বীরভূমের মহম্মদবাজারে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে মদ্যপ যুবকের হাতে নার্সের আক্রান্ত হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে।

৫) উত্তর ২৪ পরগণার গাইঘাটায় ইঞ্জিনিয়ার তরুণী ও তার বন্ধুর আক্রান্ত হওয়ার ঘটনায় চারজন গ্রেপ্তার।

৬) আজ ভ্রাতৃদ্বিতীয়া। ভাইয়ের মঙ্গল, দীর্ঘ জীবন ও সুস্বাস্থ্য কামনায় বোনেরা সকাল থেকেই ভাইয়ের কপালে ফোঁটা দিচ্ছেন।

---

নতুন দিল্লীতে নির্বাচন কমিশন আয়োজিত মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের সম্মেলনের আজ শেষ দিন। গতকাল প্রথম দিনে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী-এসআইআর নিয়ে সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিদের দপ্তরের প্রস্তুতি খতিয়ে দেখা হয়। একই সঙ্গে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে সর্বশেষ এসআইআর-এর তালিকার সঙ্গে বর্তমান ভোটার তালিকার ম্যাপিং-এর কাজে সিইওদের জন্য কমিশনের জারি করা নির্দেশ সঠিকভাবে পালিত হচ্ছে কি না, সেবিষয়টিও পর্যালোচনা করা হয় বৈঠকে। জেলা নির্বাচনী আধিকারিক - ডিইও, নির্বাচনী নিবন্ধন আধিকারিক - ইআরও, সহকারি নির্বাচনী নিবন্ধন আধিকারিক - এইআরও, বুথ স্তরের আধিকারিক - বিএলও এবং বুথ স্তরের এজেন্ট - বিএলএ-দের নিয়োগ ও প্রশিক্ষণ নিয়েও বৈঠকে আলোচনা হয়।

দ্বারকার ইন্ডিয়া ইন্টারন্যাশানাল ইনস্টিটিউট ফর ডেমোক্র্যাসি অ্যান্ড ইলেক্ট্রোরাল ম্যানেজমেন্ট IIIDEM-এ মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সভাপতিত্বে এই সম্মেলনে গতকাল উপস্থিত ছিলেন দুই নির্বাচন কমিশনার ডঃ সুখবীর সিং সান্ধু এবং ডঃ বিবেক জোশী।

বাংলাদেশী অনুপ্রবেশকারীদের নাম ভোটার লিস্টে রেখে দেওয়ার জন্য তৃণমূল কংগ্রেস এসআইআর-এর বিরোধিতা করছে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন।

বাইট সুকান্ত

রাজ্যে সঠিকভাবে এসআইআর হলে এক কোটির বেশি নাম ভোটার তালিকা থেকে বাদ যাবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেন, তৃণমূল কংগ্রেস ভুয়ো ভোটারদের নিয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে চায়। সীমান্তবর্তী জেলাগুলিতে পরিকল্পিতভাবে জনবিন্যাসের পরিবর্তন করা হয়েছে বলে তাঁর অভিযোগ।

-------------------

নির্বাচন কমিশনের নির্দেশ পালন না করায় রাজ্যজুড়ে এক হাজারেরও বেশি বুথ লেভেল আধিকারিক-বিএলও-কে কারণ দর্শানোর নোটিস দেওয়া হয়েছে। কমিশন সূত্রে জানা গিয়েছে, চলতি বছরের এপ্রিল মাস থেকে রাজ্যজুড়ে বিএলও নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল। সেই সময় থেকে ১৭ অক্টোবর পর্যন্ত প্রায় এক হাজারেরও বেশি বুথ লেভেল অফিসার কাজে যোগ দেননি। তাঁদের কারণ দর্শানোর চিঠি দেওয়া হয়েছে। নোটিসের জবাব সন্তোষজনক না হলে ১৯৫০ সালের জনপ্রতিনিধিত্ব আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলে কমিশন স্পষ্ট করেছে।

এদিকে, ভোটকর্মী ও বিএলও ঐক্য মঞ্চের সম্পাদক স্বপন মন্ডল বলেছেন, বুথ লেভেল আধিকারিকদের আসল দাবি হল নিরাপত্তা।

সংগ্রামী যৌথ মঞ্চের আহ্বায়ক ভাস্কর ঘোষ বিএলও-দের কাজের সময় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন। বিএলও-দের জন্য হেল্প ডেস্ক খোলার কথাও ঘোষণা করেন তিনি।

বাইট ভাস্কর ঘোষ

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য বলেছেন, তৃণমূল কংগ্রেসই বিএলও-দের মধ্যে আতঙ্কের সৃষ্টি করছে।

বাইট শমীক

-------------------

রাজ্যপাল সিভি আনন্দ বোস, উলুবেড়িয়ার ঘটনায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন । এক বিবৃতিতে তিনি বলেছেন, চিকিৎসকরা সমাজের প্রাণরেখা। তাঁরা চিকিৎসা ও সেবার কাজে সারাজীবন নিজেকে উৎসর্গ করেন। চিকিৎসকদের উপর হিংসা, সভ্য সমাজের আচরণ নয়, এবং তা কোনভাবেই কাম্য নয় বলে তিনি জানান। চিকিৎসকদের যথাযোগ্য সম্মান করার বার্তা দিয়েছেন রাজ্যপাল।

-------------------

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজ হাসপাতালে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের ঘটনায় ধৃত শেখ সম্রাটকে গতকাল উলুবেড়িয়া আদালতে তোলা হলে দুদিনের পুলিশ হেফাজত হয়েছে। এই নিয়ে এই ঘটনায় তিনজনকে গ্রেপ্তার করা হল। এর আগে ধৃত মূল অভিযুক্ত অস্থায়ী হোম গার্ড শেখ বাবুলাল এবং অপর অভিযুক্ত শেখ হাসিবুলকে তিনদিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। হাসপাতালের সিসিটিভি ফুটেজ দেখেই এই তিনজনকে ধরা হয়েছে। বাকিদের খোঁজে তল্লাশি চলছে। ইতোমধ্যে অস্থায়ী হোমগার্ডের পদ থেকে বাবুলালকে সরিয়ে দেওয়া হয়েছে বলে জানা গেছে। হাসপাতালের নিরাপত্তার দায়িত্বে থাকা বেসরকারি সংস্থাকে শোকজ করা হয়েছে বলেও সূত্রের খবর।

এদিকে এই ঘটনাকে কেন্দ্র করে প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। দোষীদের শাস্তির দাবিতে গতকাল পানিয়ারায় হাওড়া গ্রামীণ পুলিশ সুপারের অফিসের সামনে বিজেপির প্রতিবাদ কর্মসূচিকে কেন্দ্র করে উত্তেজনা ছড়ায়। ব্যারিকেড ভেঙে বিজেপির নেতা কর্মীরা এগিয়ে যাওয়ার চেষ্টা করলে পুলিশের সঙ্গে ধ্বস্তাধস্তি  বাধে।

ঐ হাসপাতালের গেটের সামনে গতকাল বিক্ষোভ দেখায় এসইউসিআই কমিউনিস্ট। দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি, চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের নিরাপত্তা সহ একাধিক দাবিতে মহকুমা শাসক এবং উলুবেড়িয়া থানায় স্মারকলিপি প্রদান করেন তারা।

মহিলা চিকিৎসকের ওপর আক্রমণের প্রতিবাদে গতকাল সার্ভিস ডক্টরস ফোরাম, মেডিকেল সার্ভিস সেন্টার এবং নার্সেস ইউনিটির পক্ষ থেকে হাসপাতালের সামনে বিক্ষোভ দেখানো হয়। প্রিন্সিপাল এবং এম এস ভিপি-র কাছে স্মারকলিপিও জমা দেন তারা। উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান, সার্ভিস ডক্টরস ফোরামের সাধারণ সম্পাদক ডা: সজল বিশ্বাস।

বাইট সজল বিশ্বাস

অন্যদিকে, চিকিৎসক নিগ্রহের ঘটনায় মেডিকেল কলেজের অধ্যক্ষ যথাযথ পদক্ষেপ গ্রহণ করেননি বলে চিকিৎসকদের পাঁচটি যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স অভিযোগ করেছে। গতকাল সংগঠনের প্রতিনিধিরা উলুবেড়িয়ার ঐ হাসপাতাল পরিদর্শন করেন। কথা বলেন নিগৃহীতা ও কলেজ কর্তৃপক্ষের সঙ্গে। পরে এক বিবৃতিতে সংগঠনের আহ্বায়ক চিকিৎসক হীরালাল কোনার এবং পুণ্যব্রত গুণ বলেন, আর জি কর কান্ডের পর সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল, চিকিৎসক বা স্বাস্থ্য কর্মীদের ওপর আক্রমণ হলে মেজিকেল কলেজের অধ্যক্ষ অতি শীঘ্র থানায় এফআইআর করবেন। কিন্তু এক্ষেত্রে তা হয়নি।

-------------------

বীরভূমের মহম্মদবাজারে প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে মদ্যপ যুবকের হাতে এক নার্সের আক্রান্ত হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। পুলিশ অভিযুক্ত রাজীব কাহারকে গ্রেপ্তার করেছে। আজ তাকে আদালতে তোলা হবে। জানা গেছে, গতসন্ধ্যায় চিকিৎসার নামে ঐ স্বাস্থ্য কেন্দ্রে ঢুকে নার্সের মাথায় পাথর দিয়ে আঘাত করে অভিযুক্ত। তার মাথায় ২২ টি সেলাই পড়েছে।

-------------------

উত্তর ২৪ পরগণার গাইঘাটার চাঁদপাড়া এলাকায় ইঞ্জিনিয়ার তরুণী ও তার বন্ধু আক্রান্ত হওয়ার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতরা হল অরিন্দম রায়, বাবন রায়, জয়ন্ত দত্ত এবং আকাশ দাস। এরা সকলেই ঐ এলাকারই বাসিন্দা। আগেই জানানো হয়েছে, গত মঙ্গলবার রাতে চাঁদপাড়ার একটি মন্ডপ থেকে ঠাকুর দেখে বেরনোর পর কয়েকজন মদ্যপ যুবকে ঐ তরুণীকে দেখে কটুক্তি করে, তার বন্ধু প্রতিবাদ জানালে দুজনকেই মারধর করা হয়। খবর পেয়ে বোনকে বাঁচাতে চিকিৎসক দাদা ঘটনাস্থলে পৌঁছলে তাকেও মারধর করা হয় বলে অভিযোগ।

-------------------

আজ ভ্রাতৃদ্বিতীয়া। কার্তিক মাসের শুক্ল পক্ষের দ্বিতীয়া তিথিতে ভাইফোটা পালিত হয়ে থাকে। ভাইয়ের মঙ্গল, দীর্ঘ জীবন ও সুস্বাস্থ্য কামনায় বোনেরা সকাল থেকেই ভাইয়ের কপালে ফোঁটা দিচ্ছেন। চলছে উপহার বিনিময়ও। মাছ, মাংস, শাক সব্জী ইত্যাদির দাম চড়া হলেও বোনেরা সাধ্য মত আয়োজন করছেন। মিষ্টির দোকানগুলিতে নানা স্বাদের এবং বৈচিত্র্যের মিষ্টির সম্ভার লক্ষ্য করা যাচ্ছে। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

অনেকের বাড়িতে গতকাল প্রতিপদেও ভাইফোঁটা পালিত হয়।

-------------------

দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপের সূর্যনগর গ্রাম পঞ্চায়েতের একটি মন্দিরে কালী বিগ্রহের ভাঙচুরের অভিযোগে গতকাল এলাকায় ব্যাপক উত্তেজনা ছড়ায়। গ্রামবাসীদের অভিযোগ, রাতের অন্ধকারে কেউ বা কারা বিগ্রহ ভাঙচুর করে চলে যায়। খবর পেয়ে হারুডপয়েন্ট কোস্টাল থানার পুলিশ ঘটনাস্থলে গেলে গ্রামবাসীরা ক্ষোভে ফেটে পড়েন এবং দোষীদের গ্রেফতারের দাবীতে ১১৭ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন। পরে বিশাল পুলিশ বাহিনী ঘটনাস্থলে গিয়ে অবরোধকারীদের সরিয়ে দেয় এবং বিগ্রহটিকে প্রিজনভ্যানে করে তুলে নিয়ে যায়। বেশ কয়েকজন অবরোধকারীকে আটক করা হয়েছে। এলাকায় উত্তেজনা প্রশমনে পুলিশ মোতায়েন রয়েছে।

-------------------

ক্যান্সারের চিকিৎসায় এবার আশার আলো দেখাচ্ছেন ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স এডুকেশন এন্ড রিসার্চ (IISER) কলকাতার তরুণ বিজ্ঞানীরা। তাঁদের অভিনব গবেষণা প্রকল্প ‘RESET’ ক্যান্সার চিকিৎসার এক নতুন দিগন্ত খুলে দিতে পারে। অভিনব এই প্রকল্প নিয়ে আগামী ২৮ থেকে ৩১ শে প্যারিসে হতে চলা বিশ্বের বৃহত্তম সিন্থেটিক বায়োলজি প্রতিযোগিতায় আইসার কলকাতার ১১ জন স্নাতক পড়ুয়া অংশ নিতে চলেছেন। প্যারিস যাত্রার প্রাক্কালে ওই দলের তরুণ বিজ্ঞানী শঙ্খ শুভ্র

চট্টোপাধ্যায় তাঁদের গবেষণা নিয়ে বিস্তারিত জানালেন আমাদের সংবাদদাতা অনুপম মোদককে।

(বাইটশঙ্খ শুভ্র চট্টোপাধ্যায় )

-------------------

ভ্রাতৃদ্বিতীয়ার দিন আজ ও আগামীকাল কলকাতা সহ রাজ্যের সর্বত্র আকাশ পরিষ্কার থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, সমুদ্র থেকে জ্বলীয় বাষ্প বাতাসে প্রবেশ করার কারণে আগামী শনি ও রবিবার উত্তরবঙ্গের কয়েকটি জায়গায় ও উপকূলীয় জেলাগুলিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

------------------- -------------------